রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, সেপ্টেম্বর ২২, ২০১৪

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ আশ্বিন, ১৪২১/২২ সেপ্টেম্বর, ২০১৪

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ০৭ আশ্বিন, ১৪২১ মোতাবেক ২২ সেপ্টেম্বর, ২০১৪ তারিখে রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা যাইতেছে :—

## ২০১৪ সনের ১৩ নং আইন

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৬ অনুচ্ছেদের অধিকতর সংশোধনকল্পে প্রণীত আইন

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৬ অনুচ্ছেদের অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল ঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই আইন সংবিধান (ষোড়শ সংশোধন) আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।



**মূল্য ঃ** টাকা ৪.০০

২। **সংবিধানের ৯৬ অনুচ্ছেদের সংশোধন**।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৬ অনুচ্ছেদের দফা (২), (৩), (৪), (৫), (৬), (৭), ও (৮) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২), (৩) ও (৪) প্রতিস্থাপিত হইবে, যথা ঃ—

"(২) প্রমাণিত অসদাচরণ বা অসামর্থ্যের কারণে সংসদের মোট সদস্য-সংখ্যার অন্যূন দুই-তৃতীয়াংশ গরিষ্ঠতার দ্বারা সমর্থিত সংসদের প্রস্তাবক্রমে প্রদত্ত রাষ্ট্রপতির আদেশ ব্যতীত কোন বিচারককে অপসারিত করা যাইবে না।

(৩) এই অনুচ্ছেদের (২) দফার অধীন প্রস্তাব সম্পর্কিত পদ্ধতি এবং কোন বিচারকের অসদাচরণ বা অসামর্থ্য সম্পর্কে তদন্ত ও প্রমাণের পদ্ধতি সংসদ আইনের দ্বারা নিয়ন্ত্রণ করিতে পারিবেন।

(৪) কোন বিচারক রাষ্ট্রপতিকে উদ্দেশ করিয়া স্বাক্ষরযুক্ত পত্রযোগে স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।"।

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

## ২০১৪ সনের ১৩ নং আইন

***An Act further to amend article 96 of the Constitution of the People's Republic of Bangladesh***

**WHEREAS** it is expedient and necessary further to amend article 96 of the Constitution of the People's Republic of Bangladesh for the purposes hearin-after of appearing;

It is hereby enacted as follows:—

**1. Short Title.**—This Act may be called the Constitution (Sixteenth Amendment) Act, 2014.

**2. Amendment of article 96 of the Constitution.**—In the Constitution, in article 96, for clauses (2), (3), (4), (5), (6), (7) and (8), the following clauses (2), (3) and (4) shall be substituted, namely:—

"(2) A Judge shall not be removed from his office except by an order of the President passed pursuant to a resolution of Parliament supported by a majority of not less than two-thirds of the total number of members of Parliament, on the ground of proved misbehaviour or incapacity.

(3) Parliament may by law regulate the procedure in relation to a resolution under clause (2) and for investigation and proof of the misbehaviour or incapacity of a Judge.

(4) A Judge may resign his office by writing under his hand addressed to the President.".

**মোঃ আশরাফুল মকবুল**
সিনিয়র সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd